# সোনালী ব্যাংক পিএলসি

*বিশ্বস্ত ও স্মার্ট*

*শেরপুর শাখা, শেরপুর।*

## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ - হাবিবুর রহমান হাবিব, পিতাঃ মোঃ চাঁন মিয়া, মাতা- মোছাঃ হামেদা বেগম, চকপাঠক, শেরপুর টাউন, শেরপুর। স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ- চরজংগলদী, ডাকঘরঃ চরজংগলদী, উপজেলাঃ শেরপুর সদর, জেলাঃ শেরপুর। এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শাখা হতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ১৯/০৫/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা =২৫,০১,৮৪৩/- (পঁচিশ লক্ষ এক হাজার আটশত তেতাল্লিশ টাকা মাত্র) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্তে অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন তফসিলভুক্ত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি ও তদোপরিস্থিত স্থাপনা অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী ২০১০) এর ১২(৩) ধারা বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নবর্নিত শর্তবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

জেলা-শেরপুর, উপজেলা-শেরপুর সদর, মৌজা-শেরপুর, জে.এল নং-২৩

| খতিয়ান নং | | | খারিজ নং | দাগ নং | | | জমির পরিমাণ শতাংশ |
|---|---|---|---|---|---|---|---|
| সি.এস | এস.এ/আরওআর | বি.আর.এস | | সি.এস | এস.এ/আরওআর | বি.আর.এস | |
| ৫৬০ | ৪৭৯ | ৫৬৫ | ১৩৬১৮ | ৫৩২৮ | ৯৩০৪ | ১৩৮৯০ | ১.৫০ |
| ৫৬০ | ৪৭৯ | ৪৫৭৫ | ১৩৬১৮ | ৫৩৩১ | ৯৩০৩ | ১৩৮৮৯ | ২.২৫ |
| | | | | | | | মোয়াজি ৩.৭৫ শতাংশ সম্পত্তি ও তদোপরিস্থিত স্থাপনা |

১.৫ শতাংশের জন্য চৌহদ্দীঃ উত্তরে ০৫ ফুট রাস্তা দক্ষিণে শাহজালাল পূর্বে হাসান আলী গং পশ্চিমে দাতা নিজ।

২.২৫ শতাংশের জন্য চৌহদ্দীঃ উত্তরে দাতা গং দক্ষিণে মধু সুদন মালাকার পূর্বে গ্রহিতা নিজ পশ্চিমে দাতা নিজ।

সম্পত্তির মালিকের নাম ও ঠিকানা ঃ শাহিনা সুলতানা, স্বামী হাবিবুর রহমান হাবিব, মাতা আজেদা বেগম, চকপাঠক, শেরপুর টাউন, শেরপুর। এবং হাবিবুর রহমান হাবিব, পিতা মোঃ চাঁন মিয়া, মাতা মোছাঃ হামেদা বেগম, চকপাঠক, শেরপুর টাউন, শেরপুর।

### দরপত্রের শর্তসমূহ ঃ

০১। আগামী ১৪/০৭/২৫ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি, শেরপুর শাখা, শেরপুর অথবা সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, শেরপুর এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হবে।

০২। দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা তদোপরিস্থিত স্থাপনা (যখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্যে উল্লেখ করিতে হইবে।

০৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| আর্নেষ্ট মানি/ জামানতের পরিমান | অবশিষ্ট মূল্যে পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিনের মধ্যে |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিনের মধ্যে |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে |

০৪। দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্যে নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে/সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্যে পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্ত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫। দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬। দরপত্রদাতা এক বা একাধিক তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

০৭। নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮। ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগন বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

আপনাদের বিশ্বস্ত

(মোহাম্মদ শাহাদাত হোসেন)
এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার (শাখা প্রধান)
মোবাইল-০১৭৩০-৭৮০৯৯০